মুজিবনগরে আন্ত: ইউনিয়ন ফুটবল টূর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে তারুণ্যের উৎসব ২০২৫, উৎযাপনে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে অনুর্ধ ১৭ আন্ত: ইউনিয়ন ফুটবল টূর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। খেলায় মোনাখালী ইউনিয়ন একাদশ উপজেলা চাম্পিয়ন গৌরব অর্জন করে। মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, গৌরিনগর খেলার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

গতকাল সোমবার বিকালে হাড্ডাহাড্ডি ফাইনাল খেলার মধ্যে দিয়ে বাগোয়ান ইউনিয়ন একাদশকে ১-০ গোলে পরাজিত করে মোনাখালী ইউনিয়ন একাদশ বিজয়ী হওয়ার গৌরব অর্জন করেন। গতকাল সোমবার দিনব্যাপী খেলায় উপজেলার ৪ টি ইউনিয়নের খেলোয়ার অংশগ্রহন করেন। প্রথম রাউন্ডে একদিকে মোনাখালী ইউনিয়ন একাদশ ও মহাজনপুর ইউনিয়ন একাদশ অংশগ্রহন করেন।

৪০ মিনিটের খেলায় গোল শূন্য ড্র হওয়ায় ট্রাইবেকার অনুষ্ঠিত হয়। উক্ত ট্রাইবেকারে মহাজনপুর ইউনিয়ন একাদশকে ৩-১ গোলে পরাজিত করে মোনাখালী ইউনিয়ন একাদশ ফাইনালে উন্নতি হয়। অন্যদিকে দারিয়াপুর ইউনিয়ন একাদশকে ৪-১ গোলে পরাজিত করে বাগোয়ান ইউনিয়ন একাদশ ফাইনাল খেলার গৌরব অর্জন করে।

দুপুরের বিরতির পর বিকালে বাগোয়ান ইউনিয়ন একাদশ ও মোনাখালী ইউনিয়ন একাদশ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলাটি মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল,মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীন,মুজিবনগর প্রেসক্লাবের সাধারন সম্পাদক হাসান মুস্তাফিজুর রহমানসহ উৎসুক জনতা খেলাটি উপভোগ করেন।

খেলাটি পরিচালনা করেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের নির্বাচনকৃত ২য় শ্রেনীর রেফারী সোহেল রানা। খেলা শেষে বিজয়ী ও বিজিত দলের হাতে পুরষ্কার তুলে দেয়া হয়।

[redacted]

[redacted]

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৮৯ তম জন্মবার্ষিকী পালনে সমাবেশ

মুজিবনগর প্রতিনিধি বাংলাদেশের অপর নাম জিয়াউর রহমান এই প্রতিপাদ্যে আজ রবিবার বিকেলে মুজিবনগর উপজেলা বিএনপির একাংশ আয়োজনে, মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজারে মহান স্বাধীনতার ঘোষক, বীর মুক্তিযোদ্ধা (বীর উত্তম), শহীদ প্রেসিডেন্ট, জিয়াউর রহমানের ৮৯ তম জন্ম বার্ষিকী উপলক্ষে গণ মিছিল ও সমাবেশে প্রধান অতিথি বক্তব্যে তিনি এসব কথা বলেন, তিনি বলেন ইদানিং শুনছি মুজিবনগর থানায় এপয়েন্টমেন্ট এসেছে থানার দালালি কে করবে।

এপয়েন্টমেন্ট দিয়েছেন যে নেতা তাকে বলি এই অ্যাপয়েন্টমেন্ট এভাবে দিতে যেয়েন না অমক দালালি করবে থানার তমুক দালালি করবে ইউনিয়নের আর আপনারা চাঁদাবাজি করে খাবেন আমরা তা হতে দেব না পুলিশ ভাইয়েরা জেনে রাখুন শুনে রাখুন যদি প্রয়োজন হয় সারা মুজিবনগর আমরা অচল করে দেব।

তিনি প্রশাসনকে উদ্দেশ্য করে বলেন জনগণের ভাষা বুঝবেন, জনগণের কথার বাইরে, জুলাই আগস্ট গণঅভ্যুত্থানের চেতনার বাইরে, রক্তাক্ত সংগ্রামের মধ্য দিয়ে আসা সরকারের কথার বাইরে পদক্ষেপ নিলে আমরা আপনাদের বাড়ি পর্যন্ত যেতে বাধ্য হব। তিনি আরো বলেন, ভয় পাওয়ার কিছু নেই নেতৃত্ব দখল করে যারা থানার দালালি করবেন তারা নেতৃত্ব হারানোর ভয় পান।

আমরা ভয় পাইনা কারন আমরা সাধারণ মানুষের সব ধরনের অধিকার ফিরিয়ে দিয়ে রাষ্ট্রকে জনগণের হাতে তুলে দিতে আমরা বদ্ধপরিকর। গণতন্ত্র পুনরুদ্ধারের যে সংগ্রাম সেই সংগ্রাম যতক্ষণ না পর্যন্ত শেষ হবে ততক্ষণ পর্যন্ত আমরা রাজপথে আছি থাকবো।বিরাট জনসভা কে উদ্দেশ্য করে মাসুদ অরুন বলেন যত মানুষ যত সমর্থন সেখানেই ধানের শীষের জয় জয় গান। অনুষ্ঠানে সদ্য ঘোষিত জেলা বিএনপির আহবায়ক কমিটিকে সুযোগ সন্ধানী ও সুবিধাবাদী উল্লেখ করে এই অনুষ্ঠানে বক্তারা তাদের বক্তব্য রাখেন, সমাবেশের শুরুতে উপজেলার রামনগর খেলার মাঠ থেকে হাজার হাজার নেতাকর্মীর সমন্বয়ে মাসুদ অরুনের নেতৃত্বে বিশাল গণমিছিল কেদারগন্জ, বল্লভপুর, মানিকনগর এর প্রধান সড়ক

প্রদক্ষিণ শেষে কেদারগঞ্জ বাজারের সরকারি মাধ্যমিক বিদ্যালয় মার্কেটের সামনে বিশাল গণ সমাবেশ অনুষ্ঠিত হয়। গণমিছিল ও সমাবেশে উপজেলা রসিকপুর গ্রামের প্রয়াত যুবনেতা

বানারুল ইসলামের স্ত্রী জাহানারা বেগম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য মেহেরপুর জেলা বিএনপির (সাবেক) সভাপতি মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ।

সমাবেশে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহবায়ক কমিটির যুগ্ন আহবায়ক জাহাঙ্গীর বিশ্বাস, মেহেরপুর ২ আসনের (গাংনী) সাবেক সংসদ সদস্য জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য আমজাদ হোসেন, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, সদর উপজেলা বিএনপির সভাপতি সাইফুল ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি আজিম উদ্দিন গাজী, উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসান, উপজেলা কৃষকদলের সভাপতি আরমান আলী উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক জুলফিকার আলী ভুট্টো।

জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাবেদ সেনজির। জেলা ছাত্রদলের সাবেক যুগ্নসাধারণ সম্পাদক তৌফিকুল ইসলাম মিঠুন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের ভারপ্রাপ্ত আহবায়ক ইমরান আলী, ছাত্রনেতা আরবাজ খান। গণমিছিল সমাবেশে মুজিবনগর উপজেলা বিএনপি, ইউনিয়ন বিএনপি, ওয়ার্ড বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল, শ্রমিকদল এবং ছাত্রদলসহ বিএনপির হাজার হাজার নেতাকর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে শহীদ জিয়াউর রহমানের জন্মবার্ষিকী পালন

মুজিবনগরে স্বাধীনতার ঘোষক, বীর মুক্তিযোদ্ধা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৮৯ তম জন্মবার্ষিকী উপলক্ষে দোয়া ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

রবিবার (১৯ জানুয়ারি) সকালে মুজিবনগর উপজেলা বিএনপি’র আয়োজনে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটন মডেলে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা বিএনপি’র প্রবিণ নেতা হাজী বদর উদ্দীন বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম আহবায়ক ও মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম।

মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলামের সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আশরাফুল হক কালু, মুজিবনগর উপজেলা শ্রমিক দলের সভাপতি আলহাজ্ব মশিউর রহমান, মোনাখালী ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক রায়হান কবির, মুজিবনগর উপজেলা বিএনপি নেতা আবু সাদী মাস্টার, মুজিবনগর উপজেলা বিএনপি নেতা সাবেক মেম্বার নজরুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন বিএনপি নেতা রবিউল ইসলাম খান রবি, মোনাখালী ইউনিয়ন বিএনপি নেতা সুরুজ আলী খান, বাগোয়ান ইউনিয়ন বিএনপি সাবেক সাধারণ সম্পাদক আবুল কাশেম, মুজিবনগর উপজেলা বিএনপি নেতা আবুল কালাম আজাদ, ভবেরপাড়া বিএনপি নেতা রেজাউল করিম, মুজিবনগর উপজেলা যুবদলের সাবেক সাধারণ সম্পাদক হারুনর রশিদ, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি সালাউদ্দিন আহমেদ প্রিন্স, মুজিবনগর উপজেলা জাসাসের সভাপতি জুলফিকার খান হেলাল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির নেতা ওয়াসিম আকরাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম নাহিদ, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক আবু আহনাফ লিংকন প্রমুখ।

এছাড়াও এসময় মুজিবনগর উপজেলা বিএনপি, ইউনিয়ন বিএনপি, ওয়ার্ড বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল, শ্রমিকদল, ছাত্রদলসহ বিপুল সংখ্যাক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

মুজিবনগরে যুব মহিলা দলের লিফলেট বিতরন

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক জাতির সামনে উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা জনগনের মাঝে তুলে ধরতে মুজিবনগরে পথচারীদের মাঝে লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা যুব মহিলা দল।

শনিবার দুপুরে মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজারে জেলা যুব মহিলা দলের সভাপতি সাইয়্যেদাতুন নেসা নয়নের নেতৃত্বে সাধারণ পথচারীদের মাঝে এ লিফলেট বিতরন করা হয়।

এ সময় জেলা বিএনপি’র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা যুব মহিলা দলের সিনিয়র সহ-সভাপতি পলি আক্তার, সাংগঠনিক সম্পাদক ফাহিমা খাতুন, যুগ্ম সাধারন সম্পাদক পারুলা খাতুন, স্বেচ্ছাসেবক সম্পাদক সোনিয়া আক্তার, অর্থ বিষয়ক সম্পাদক রুপালী খাতুনসহ যবু মহিলা দল নেত্রী নাজমুন নাহার রীনা, ফিরোজা আক্তার পপি, রশিদা, বীনা, রোজিনা, আলেয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

দারিয়াপুরে বাঙালি ঐতিহ্য শীতকালিন পিঠা উৎসব অনুষ্ঠিত

মুজিবনগরে দারিয়াপুরে জাঁকজমকভাবে অনুষ্ঠিত হয়ে গেলো বাঙালির ঐতিহ্য পিঠা উৎসব ২০২৫। ইভুলেশন অব দারিয়াপুরের আয়োজনে, আজ শুক্রবার দিনব্যাপী দারিয়াপুর ভৈরব নদীর তীরে খেলার মাঠে এ পিঠা উৎসব অনুষ্ঠিত হয়। মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিন ব্যাপি পিঠা উৎসবের উদ্বোধন করেন।

ইভুলেশন অব দারিয়াপুরের সংগঠনের সদস্য ওয়াসিম আকরাম এর সঞ্চালনায়

উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমান, দারিয়াপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনারুল ইসলাম।

আয়োজকদের মধ্যে ছিলেন, ইভুলেশন অব দারিয়াপুর সংগঠনের সদস্য ফয়সাল আহম্মেদ তামিম, আব্দুল জাব্বার, সালাউদ্দিন লিজন, তানভির হোসেন, সাজেদুল হক জীবন। পিঠা উৎসব সম্পর্কে আয়োজকরা বলেন প্রতিবছরই ইভুলেশন অব দারিয়াপুরের আয়োজনে বাঙালির ঐতিহ্যকে ধরে রাখতে এবং নতুন প্রজন্মকে বাঙালির এই পিঠার সাথে পরিচয় করিয়া দেওয়ার জন্য এই পিঠা উৎসবের আয়োজন করা হয়। এবারও অত্যন্ত জাঁকজমকপূর্ণভাবে এই পিঠা উৎসবের আয়োজন করা হয়েছে এই উৎসবে বিভিন্ন গ্রামের যুবক যুবতী ও মায়েরা বাঙালির ঐতিহ্য বিভিন্ন ধরনের পিঠা তৈরি করে এই উৎসবে নিয়ে এসেছেন।

পিঠা উৎসবে মোট ২০টি স্টল দেয়া হয়। বাহারীসব পিঠার পসরা সাজিয়ে বসেছিল পিঠার কারিগররা। উদ্বোধন শেষে স্টল গুলো ঘুরে দেখেন অতিথিরা।

মেহেরপুরে বিএনপি’র গণ মিছিল

মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির পুনঃবিবেচনার দাবিতে গণ মিছিল করেছে পৌর ও সদর উপজেলা বিএনপি।

বৃহস্পতিবার (১৬ই জানুয়ারি) বিকেলের চারটার দিকে মেহেরপুর কাথুলি বাস স্ট্যান্ডে জেড কে ফিলিং স্টেশনের সামনে থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

মিছিলে নেতাকর্মীরা মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটি পুনঃবিবেচনার দাবিতে বিভিন্ন স্লোগান দিতে থাকে। এ সময় উপস্থিত

ছিলেন কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সাবেক সহ সংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্ট, সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদসহ বিএনপির অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দরা।

মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন, নতুন নাম ‘মেহেরপুর বিশ্ববিদ্যালয়’

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা আসিফ মাহমুদ বৃহস্পতিবার (১৬ জানুয়ারি) নিজের ভেরিফাইড ফেসবুক পোস্টে জানান, শেখ পরিবারের সদস্যদের নাম বাদ দিয়ে দেশের ১৩টি বিশ্ববিদ্যালয়ের নতুন নামকরণ করা হয়েছে।

পরিবর্তিত নামগুলোর তালিকায় রয়েছে:

মুজিবনগর বিশ্ববিদ্যালয়, মেহেরপুর → মেহেরপুর বিশ্ববিদ্যালয়

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা → নেত্রকোণা বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ → কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়, নওগাঁ →নওগাঁ বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর → গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয় →

শরীয়তপুর কৃষি বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ → বাংলাদেশ ডিজিটাল ইউনিভার্সিটি

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর → জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর → পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জ → নারায়ণগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ → গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিনেইম ইউনিভার্সিটি, চট্টগ্রাম → মেরিটাইম ইউনিভার্সিটি বাংলাদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যরোস্পেস বিশ্ববিদ্যালয় → অ্যাভিয়েশন এন্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

মুজিবনগরে তারুন্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালা

মুজিবনগরে তারুণ্যের উৎসব ও নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের ভাবনাই নতুন বাংলাদেশ শীর্ষক বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে “এসো দেশ বদলায়, পৃথিবী বদলায়” এই স্লোগানে

মুজিবনগর উপজেলা পরিষদ মিলনায়তনে এ কর্মশালা টি আয়োজন করা হয়।

এই গ্রুপ এই কর্মশালায় অংশগ্রহণকারী বৈষম্য বিরোধী ছাত্র প্রতিনিধি, ছাত্র, শিক্ষক, ইমাম, সাংবাদিক, কর্মকর্তা-কর্মচারী ও ধর্মীয় নেতৃবর্গদের সমন্বয়ে সকল শ্রেণী পেশার মানুষ লেখনীর মাধ্যমে নতুন বাংলাদেশ গঠনে বিভিন্ন দিক তুলে ধরেন, প্রথমত নতুন বাংলাদেশ গড়তে হলে আমাদের ঐক্যবদ্ধভাবে চলতে হবে। তরুণদের মেধা উন্নত করার মাধ্যমে দেশকে আরো উন্নত করতে হবে।

বাংলাদেশে আরো একটি সবচেয়ে বড়ো সমস্যা হলো মোবাইল আসক্তি এর থেকে তরুণ ও যুব সমাজকে মুক্ত রাখার জন্য গ্রাম ও শহর অঞ্চলে বিভিন্ন খেলার আয়োজন করতে হবে। দূর্নিতীমুক্ত বাংলাদেশ করতে হবে পরিষ্কার পরিচ্ছন্ন বাংলাদেশ গড়তে হবে বৈষম্যহীন বাংলাদেশ করতে হবে শিক্ষিত বাংলাদেশ গড়তে হবে নতুন বাংলাদেশে ঐক্যবদ্ধভাবে থাকতে হবে যেখানে কোন ধর্ম-বর্ণ, জাতী-গোষ্ঠীর মধ্যে বৈষম্য থাকবে না।মাদকমুক্ত ও শান্তিপূর্ণ বাংলাদেশ গড়তে নৈতিক মূল্যবোধের তাগিদ দিতে হবে।

মানসম্মত শিক্ষার ব্যবস্থা করতে হবে।মানুষ যেন তার মৌলিক চাহিদা থেকে বিচ্ছিন্ন না হয় সেদিকে খেয়াল রাখতে হবে। কৃষিখাত, শিক্ষাখাত, চিকিৎসা খাত, ক্রীড়াঙ্গন ও রাজনৈতিক ব্যবস্থাপনায় তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ বিনির্মাণে শীর্ষক ভূমিকা রাখতে পারে আগামীতে।

তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুনসি ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মুখ্য সংগঠক শাওন শেখ, প্রমূখ।

মেহেরপুর সীমান্ত থেকে ১৮টি সোনার বারসহ ভারতীয় নাগরিক আটক

মেহেরপুরের মুজিবনগর সীমান্ত এলাকায় অভিযান চালিয়ে ১৮টি সোনার বারসহ নুর হোসেন নামের এক ভারতীয় নাগরিককে আটক করেছে বিজিবি।

আজ মঙ্গলবার (১৪ জানুয়ারি) সকাল ১০টার দিকে মুজিবনগর বিজিবি কোম্পানী কমাণ্ডার সুবেদার জামাল হোসেনের নেতৃত্বে বিজিবির একটি টিম এ অভিযান পরিচালনা করেন। আটক নুর হোসেন ভারতের পশ্চিমবঙ্গ প্রদেশের নদীয়া জেলার চাপড়া থানার হৃদয়পুর গ্রামের সোনাই শেখের ছেলে।

মুজিবনগর বিজিবি কমান্ডার হাবিলদার রফিকুল ইসলাম বলেন, মুজিবনগর সীমান্তের ১০৪/৫ এস নং পিলার এলাকায় ভারতীয় এক নাগরিক সোনা পাচার করছে এমন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন কমাণ্ডার লে: কর্নেল সাইদ মোহাম্মদ জাহিদুর রহমানের তত্ত্বাবধায়নে কোম্পানি কমান্ডার সুবেদার জামাল হোসেন সহবিজিবি সদস্যরা আগে থেকে অবস্থান নেন। বিজিবি টহলদল সন্দেহভাজন এক ব্যক্তিকে পায়ে হেটে নুর হোসেন এলাকা দিয়ে সীমান্তের দিকে যেতে দেখে চ্যালেঞ্জ করে। বিজিবি’র টহল দলের উপস্থিতি টের পেয়ে নুর হোসেন ভারতের অভ্যন্তরে দৌড়ে পালানোর চেষ্টা করলে টহলদল তাকে আটক করে। পরে তাকে জিজ্ঞাসাবাদ করা হলে সে তার পরিচয় নিশ্চিত করে। আটক নূর হোসেনের কোমরের সাথে প্যান্টের ভিতর স্কচটেপ দিয়ে মোড়ানো ৩টি প্যাকেটের মধ্যে থেকে ১৮ টি সোনার বার উদ্ধার করা হয়। উদ্ধারকৃত সোনার ওজন ২ কেজি ১৮ গ্রাম।

এ ঘটনায় হাবিলদার রফিকুল ইসলাম বাদী হয়ে মুজিবনগর থানায় মামলা দায়ের করা হয়েছে এবং সোনার বারগুলি মেহেরপুর ট্রেজারী অফিসে জমা দেওয়ার প্রক্রিয়া চলছে।